গাংনীতে বৃদ্ধার আত্ম*হত্যা

গাংনী পৌর সভার পশ্চিমপড়ায় পারিবারিক কলহের জের ধরে বাবলু শাহ(৬০) নামের এক বৃদ্ধ গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেছেন।

বুধবার সকালে বাড়ির পার্শ্বের একটি আম বাগান থেকে ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ। তবে কি কারনে বাবলু শাহ আত্নহত্যা করেছেন তা এখনও জানান যায়নি। বাবলু শাহ চৌগাছার আব্দুর রহমানের ছেলে।

জানাগেছে, বাবলু শাহ তার পরিবারের সাথে খাওয়া দাওয়া করে রাতে ঘুমিয়ে ছিলেন। মধ্য রাত থেকে বাবলু শাহকে বাড়িতে পাওয়া যাচ্ছিলনা। অনেক খোজাখুজি করে বাড়ির পাশের একটি আমবাগানে গাছের সাথে তার মরদেহ ঝুলন্তাবস্থায় দেখে পতিবেশিরা পুলিশকে খরব দিলে গাংনী থানা পুলিশ ওই বৃদ্ধ’র মরদেহ উদ্ধার করে।

ঊাবলু শাহের বড় মেয়ে উনজিলা খাতুন জানান, বাড়িতে কোন ঝগড়া নেই। তবে আমার বাবা কি কারনে আত্নহত্যা করেছে তা জানিনা।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান, বাবলু শাহ নামের এক ব্যাক্তির আত্নহত্যার খবর পেয়ে সেখানে পুলিশ গিয়ে লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে এবং ময়না তদন্ত শেষে পরিবারের কাছে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির আয়োজনে মাঠ দিবস

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় গোপালনগর গ্রামে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার দুপুরে মাছের পোনা চাষে উদ্যোক্তা তৈরি প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মৎস্য প্রশিক্ষক মোঃ

মতিউর রহমান, যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর। এ সময় সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। উপস্থিত চাষীদের পুকুরে পোনা মাছ চাষের গুরুত্ব, গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তিস্থান, মাছের সাধারণ সমস্যাবলীসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়।

এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে নৌকার অফিস ভাঙচুরের অভিযোগ

মেহেরপুর-২ আসনের গাংনী উপজেলার আড়পাড়া গ্রামে আওয়ামী লীগ অফিস ভাঙচুরের অভিযোগ উঠেছে ট্রাক প্রতীকের স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের বিরুদ্ধে।

গতকাল সোমবার দিবাগত রাত সাড়ে আটটার দিকে এ ঘটনা ঘটে। এতে নির্বাচনী ক্যাম্পের পোস্টার ও প্রতীক ছিড়ে ফেলা হয়েছে বলে অভিযোগ করেছেন ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি।

ধানখোলা ইউনিয়নের ৮নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আব্দুল হাকিমের অভিযোগ, তার বাড়ির পাশে নৌকার একটি প্রচারণা ক্যাম্পে সোমবার রাতে হামলা চালায় স্বতন্ত্র প্রার্থীর ট্রাক প্রতীকের কর্ম সমর্থকরা। বাঁশ ও কাগজ দিয়ে তৈরী একটি বড় নৌকা ভেঙ্গে দেয় হামলাকারীরা। নৌকার পক্ষে না থাকার জন্য হাকিমকে হুমকি দিয়ে চলে যায় তারা।

নির্বাচনী অফিসে হামলা খবর পেয়ে রাতেই ঘটনাস্থল গিয়ে হামলার প্রতিবাদ জানান গাংনী উপজেলার নৌকার কর্মী সমর্থকরা। ভাঙচুরের এ ঘটনায় উত্তেজনা বিরাজ করলে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

ঘটনাস্থলে উপস্থিত সাবেক ছাত্রলীগ নেতা ইসমাইল হোসেন বলেন, আমরা নৌকার পক্ষে কাজ করলেও কোথাও অতিরিঞ্চিত ও উত্তেজনাকর কথা না বলা জন্য সবাইকে অনুরোধ করেছি। আমরা ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এ ঘটনায় আইন অনুযায়ী দৃষ্টান্তমূলক সাজা দাবি করছি।

ঘটনাস্থল পরিদর্শন করেছেন গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম। তিনি বলেন, সবাইকে আইন মানতে হবে। নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে আচরণবিধিমালা মানতে হবে। উভয় পক্ষের লোকজনকে শান্ত থাকতে বলা হয়েছে। হামলার অভিযোগের বিষয়টি তদন্ত করা হচ্ছে।

গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে গনতন্ত্র অলিম্পিয়াড অনুষ্ঠিত

সচেতন, সংগঠিত ও সোচ্চার নাগরিকই গণতন্ত্রের রক্ষাকবচ’ স্লোগানকে সামনে রেখে দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় ও স্থানীয় নাগরিক কমিটির আয়োজনে গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে গনতন্ত্র অলিম্পিয়াড ২০২৩। মঙ্গলবার (২৬ ডিসেম্বর) দিনব্যাপী জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় অডিটোরিয়ামে এই অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়।

স্থানীয় নাগরিক কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সভাপতিত্বে ও কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক প্রভাষক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অলিম্পিয়াডে অংশগ্রহণ করেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৩০০ জন শিক্ষার্থী।

তাদের মধ্যে সেরা দশজনকে আকর্ষণীয় পুরষ্কার ও সকল অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠান শুরুতে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা সংগীত, নৃত্য ও বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিবেশন করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের বিশেষ অতিথি জাতীয়

[redacted]

[redacted]

গাংনীতে নৌকার পক্ষে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-২ (গাংনী) আসনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী (নৌকা মার্কা) ডাক্তার এএসএম নাজমুল হক সাগরকে বিজয়ী করতে কর্মী সভা করেছে মেহেরপুর জেলা আওয়ামীলীগ।

কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি মোঃ সিরাজুল ইসলাম মাস্টার, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনের নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর।

এছাড়াও উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা হিসাবউদ্দীনসহ মেহেরপুর জেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, গাংনী উপজেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষক লীগ, শ্রমিক লীগ, ছাত্র লীগ, মহিলা লীগ সহ গাংনী উপজেলার বিভিন্ন এলাকার নেতাকর্মী কর্মী সভায় যোগ দেন ।

নৌকার ভোট কর্মীরা বিভিন্ন এলাকায় থেকে মোটরসাইকেল ও মাইক্রোবাসে অনুষ্ঠানে উপস্থিত হয়। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর কে বিপুল ভোটে জয়লাভ করে আমরা জননেত্রী শেখ হাসিনা কে এমপি হিসাবে উপহার দিয়ে আবারও দেশ পরিচালনর সুযোগ করে দিবো।

এদিকে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর বলেন আজকে আপনাদের এই জনসমুদ্র দেখে আমি মুগ্ধ হয়েছি তাই আপনরা আগামী ৭ জানুয়ারিতে সবাই নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে দেশ পরিচালনা করার সুযোগ করে দিবেন।

গাংনীতে নৌকার নির্বাচনী অফিসে দূর্বৃত্তের আগুন

গাংনীর হেমায়েতপুর গ্রামে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থীর একটি নির্বাচনী অফিস আগুনে ভষ্মীভূত হয়েছে। মেহেরপুর-২ সংসদীয় আসনের অনুমোদিত নির্বাচনী অফিসটি রাতের আঁধারে পুড়িয়ে দিয়েছে অজ্ঞাত দুর্বৃত্তরা।

গতকাল শুক্রবার ভোর রাতের কোন এক সময় অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে। গাংনী থানা পুলিশের একটি টীম ও আওয়ামীলীগ সমর্থিত প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

নির্বাচনী অফিসের দ্বায়িত্বে থাকা কর্মী শরীফুল ইসলাম জানান, রাত ১২টার পর তিনি ও তার লোকজন অফিস বন্ধ করে বাড়ি চলে যান। ভোর চারটার দিকে হঠাৎ আগুন দেখতে পেয়ে চিৎকার দেন তিনি। স্থানীয় লোকজন এসে আগুন নেভানোর চেষ্টা করেন। তবে কে বা কারা এ অগ্নীকান্ডের ঘটনা ঘটাতে পারে সে ব্যাপারে নিশ্চিত নন তিনি সহ স্থানীয় লোকজন।

মেহেরপুর-২ সংসদীয় আসনের নৌকা প্রতীকের প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর বলেন, ‘উৎসব মুখর পরিবেশে পরিবেশের নির্বাচনের প্রচারণা চলছে। জনমনে ভীতি সৃষ্টির জন্য কেউ এ ধরনের ঘটনা ঘটিয়েছে। গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আমার অনুরোধ ঘটনাটি খতিয়ে দেখে অপরাধীদের যেন দ্রুত বিচারের আওতায় আনা হয়। ‘

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘ সকালেই আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। নির্বাচনী অফিসটির অনুমোদন ছিলো না। ওখানে যে কোন নির্বাচনী অফিস আছে প্রার্থী নিজেই সেটা জানতেন না। আর নির্বাচনী অফিস বলতে সেখানে ছিল একটা তাবু। তাঁবুর পাশে পাটকাঠি রাখা ছিলো। আগুন লাগার পর সেখানে ফায়ার সার্ভিস গেছিলো। কেউ উদ্দেশ্যমূলকভাবে ঘটনাটি ঘটাতে পারে। কারা এ ঘটনাটি ঘটিয়েছে তা খুঁজে বের করার চেষ্টা চলছে। এছাড়াও নৌকার প্রার্থীকে আমরা লিখিত অভিযোগ করতে অনুরোধ করেছিলাম। এখন পর্যন্ত তিনি কোন লিখিত অভিযোগ করেননি।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘অগ্নিকাণ্ডের বিষয়টি নিয়ে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী এখন পর্যন্ত কোন অভিযোগ করেননি। তবে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। অতি শীঘ্রই ঘটনাটির সাথে জড়িতদের খুঁজে বের করা হবে।’

গাংনীতে বাস ও ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, আহত-১০

গাংনীর বামন্দীতে গোল্ডেন এক্সক্লুসিভ পরিবহন ও একটি ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ১০ জন আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার ২১ ডিসেম্বর সকাল সাড়ে নয়টার সময় গাংনী উপজেলার বামন্দী বাস স্ট্যান্ডের সন্নিকটে এই সড়ক দূর্ঘটনা সংগঠিত হয়। দুর্ঘটনার পরপরই বাসটির চালক হেলপার ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যায়। এসময় সড়কে বেশ কিছু সময় যানবাহন চলাচল বন্ধ ছিলো।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঢাকা থেকে ছেড়ে আসা গোল্ডেন লাইন পরিবহন ও মেহেরপুর থেকে ছেড়ে আসা দ্রুতগামী ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষে এ হতাহতের ঘটনা ঘটে। আহতরা স্থানীয় ক্লিনিগুলোতে প্রাথমিক চিকিৎসা নিয়ে স্থান ত্যাগ করেছে বলে তাদের পরিচয় সনাক্ত করা সম্ভব হয়নি।

বামন্দী পুলিশ ফাঁড়ির আইসি এসআই শরিফুল ইসলাম ঘটনা সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীতে ত্রৈমাসিক সভা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীতে পৃথক অভিযানে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে মাদক সহ শরিফুল ইসলাম (২৮) ও খাইরুল ইসলাম
(৫২) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আটককৃত শরিফুল ইসলাম খাস মহল গ্রামের সুরমান আলীর ছেলে এবং খাইরুল ইসলাম কাজিপুরের খলিলুর রহমানের ছেলে।

মেহেরপুর জেলা পুলিশের মিডিয়া ফোকাল পয়েন্ট সূত্রে জানা গেছে, গতকাল মঙ্গলবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলার গাংনী থানার বামুন্দি পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই শরীফুলের নেতৃত্বে খাসমহল বাজারপাড়া এলাকায় পরিচালিত একটি অভিযানে ২৪৫ বোতল ফেনসিডিলসহ শরিফুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে এবং একই থানাধীন ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আবুল কালাম আজাদের নেতৃত্বে আরেকটি অভিযানে ৫০০ গ্রাম গাঁজাসহ খায়রুল ইসলাম
(৫২) কে গ্রেফতার করা হয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম জানান,আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে করা হয়েছে।